

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৭৫

আগরতলা, ১১ এপ্রিল, ২০২৪

সিস্টেমটিক ভোটার্স এডুকেশন এন্ড ইলেক্টোরাল পার্টিসিপেশন

পশ্চিম ত্রিপুরা জেলাশাসক কার্যালয় প্রাঙ্গণে আলপনা অঙ্কন অনুষ্ঠান

সিস্টেমটিক ভোটার্স এডুকেশন এন্ড ইলেক্টোরাল পার্টিসিপেশন কর্মসূচিতে ভোটারদের সচেতন করার লক্ষ্যে আজ পশ্চিম ত্রিপুরা জেলাশাসক কার্যালয় প্রাঙ্গণে আলপনা অঙ্কন অনুষ্ঠানের আয়োজন করা হয়। পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসন এই অনুষ্ঠানের আয়োজন করে। রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক পুনীত আগরওয়াল আলপনা অঙ্কন অনুষ্ঠানের উদ্বোধন করেন। এই কর্মসূচিতে পশ্চিম ত্রিপুরা জেলাশাসক কার্যালয়ের মূল প্রবেশদ্বার থেকে শুরু করে প্রায় ১৫০ মিটার দীর্ঘ এই বর্ণময় আলপনা অঙ্কন করা হয়েছে। ত্রিপুরা আর্ট কলেজের ছাত্রছাত্রী, আলপনা শিল্পী এবং জেলা প্রশাসনের আধিকারিক ও কর্মচারিগণ আলপনা অঙ্কন অনুষ্ঠানে অংশ নেন। অনুষ্ঠানে পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক তথা জেলা নির্বাচন আধিকারিক ডা. বিশাল কুমার, অতিরিক্ত জেলাশাসক প্রশান্ত বাদল নেগী, অতিরিক্ত জেলাশাসক সজল বিশ্বাস, অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক শুভাশিস বন্দ্যোপাধ্যায়, সদর মহকুমা শাসক মানিক লাল দাস, বিশিষ্ট শিল্পী সুবল বিশ্বাস প্রমুখ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের উদ্বোধন করে মুখ্য নির্বাচন আধিকারিক পুনীত আগরওয়াল বলেন, আসন্ন দু'টি লোকসভা নির্বাচন ও ৭-রামনগর বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের উপনির্বাচনে ভোটারদের সচেতন করতে সিস্টেমটিক ভোটার্স এডুকেশন এন্ড ইলেক্টোরাল পার্টিসিপেশন কর্মসূচিতে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে। আলপনা অঙ্কন অনুষ্ঠানের আয়োজন এই কর্মসূচিরই অঙ্গ। তিনি বলেন, আসন্ন নির্বাচনকে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে মুখ্য নির্বাচন আধিকারিকের কার্যালয় সবারকমের প্রস্তুতি গ্রহণ করেছে। তিনি বলেন, ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় নির্বাচন ক্ষেত্র ও ৭-রামনগর বিধানসভার উপনির্বাচনে দিব্যাঙ্গজন ও ৮৫ বছরের উর্ধ্ব ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে ভোট গ্রহণের কাজ শুরু হয়েছে এবং তা চলবে আগামীকাল পর্যন্ত। ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় নির্বাচনী ক্ষেত্রে আগামী ১৭ ও ১৮ এপ্রিল দিব্যাঙ্গজন ও ৮৫ বছরের উর্ধ্ব ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে ভোট গ্রহণ করা হবে।

অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন পশ্চিম জেলার অতিরিক্ত জেলাশাসক সজল বিশ্বাস। স্বাগত বক্তব্য রাখেন পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসনের অ্যাসিস্ট্যান্ট কালেক্টর চারু ভার্মা। ধন্যবাদজ্ঞাপন করেন অতিরিক্ত জেলাশাসক প্রশান্ত বাদল নেগী। এ উপলক্ষে বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠান শেষে অতিথিগণ ৬ জন আলপনা শিল্পীর হাতে শংসাপত্র তুলে দেন।

\*\*\*\*\*